



পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডি. জে., সেক্টর-২, সল্টলেক সিটি,

কলকাতা-৭০০০৯১

নং-L/PR/93/2022

তারিখ: 27/04/2022

প্রেস বিবৃতি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সংসদের ইতিহাসে এই প্রথম ২০২২ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষা Home Venue তে সম্পন্ন হল। পরীক্ষার্থীরা নিজেদের চেনা পরিবেশে, নিজেদের বিদ্যায়তনে চাপমুক্ত হয়ে পরীক্ষা দিয়েছে। এবছরের এই পরীক্ষা সুষ্ঠুভাবে, নির্বিঘ্নে ও শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। কোনো অঞ্চল থেকে কোনো অভিযোগ আসেনি।

গত ২ এপ্রিল থেকে পরীক্ষা শুরু হয়েছিল এবং আজ ২৭ এপ্রিল পরীক্ষা শেষ হল। আনন্দের বিষয় এই যে, এবছর উচ্চমাধ্যমিক পরীক্ষা অত্যন্ত সুষ্ঠুভাবে ও ক্রটিহীন ভাবে সম্পন্ন হয়েছে। সংসদের পক্ষে এই ব্যবস্থা করা খুব সহজ কাজ ছিল না। পূর্ববর্তী সময়ে যেখানে আনুমানিক ২৩০০টি বিদ্যায়তনে ৬৭২৭টি বিদ্যায়তনের ছাত্র-ছাত্রী পরীক্ষা দিত সেখানে Home Venue হবার ফলে সব উচ্চমাধ্যমিক বিদ্যায়তনে (৬৭২৭) পরীক্ষা হল। Home Venue তে পরীক্ষার জন্য স্কুল শিক্ষা দপ্তর ও রাজ্য সরকারের সহযোগিতায় প্রতিটি ভ্যেনুতে Special Observer হিসাবে সরকারী আধিকারিক নিয়োগ করা হয়েছিল। বহু বিদ্যালয়ের উচ্চমাধ্যমিক পরীক্ষা পরিচালনা সম্পর্কে খুব ভাল ধারণা ছিল না। আমরা নানা ভাবে তাঁদেরকে অবহিত করার চেষ্টা করেছি। প্রতিটি বিদ্যায়তনের প্রধানদের সঙ্গে এবং সংশ্লিষ্ট সকলের সঙ্গে আমরা নিরবিচ্ছিন্ন যোগাযোগ রেখেছি। পরীক্ষা পরিচালনা সংক্রান্ত পুস্তিকাসহ সকল নির্দেশিকা সংশ্লিষ্ট সকলকে পাঠিয়েছি। প্রত্যেকটি জেলায় আমরা মিটিং করেছি সব ভ্যেনু সুপারভাইজার, সেন্টার সেক্রেটারি, সেন্টার-ইন-চার্জ ও DAC সদস্যদের নিয়ে এবং সবাইকে অবহিত করেছি প্রত্যেকটি পদক্ষেপ সম্পর্কে। এছাড়াও এবছর JEE (mains) এর পরীক্ষার তারিখ শেষ মূহুর্তে পরিবর্তনের ফলে উচ্চমাধ্যমিক পরীক্ষার তারিখও আমাদের বদল করতে হয় যার জন্য আমাদের কঠিন চ্যালেঞ্জের মুখে পড়তে হয়েছে। ইতিমধ্যে নির্দিষ্ট Custodian-এর কাছে পুরনো তারিখ দেওয়া প্রশ্নপত্রের প্যাকেট পৌঁছে গিয়েছিল। এক্ষেত্রে স্কুল শিক্ষা দপ্তর ও জেলা প্রশাসনের সহযোগিতায় একাধিক Virtual Meeting করে আমরা ব্যবস্থাটি ক্রটিহীন করতে পেরেছি। এজন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

এবছর কোথাও কোনো Internet বন্ধ ছিল না। তা সত্ত্বেও আনন্দের কথা এই যে, কোথাও মোবাইল নিয়ে কেউ Venue তে প্রবেশ করেছে এমন অভিযোগ আসেনি। Invigilator, Centre-In-Charge, Centre Secretary ও Venue Supervisor – দের তৎপরতা ও প্রশাসনের কড়া নজরদারীর ফলে পরীক্ষার হলে কোনো টোকাটুকি বা বিশৃংখলার সুযোগও সৃষ্টি হয়নি। পরীক্ষার প্রশ্নপত্র পেয়ে পরীক্ষার্থীরাও খুশি হয়েছে। প্রশ্নপত্র সম্পর্কেও কোনো অভিযোগ আসেনি। এবছরই প্রথম পরীক্ষার্থীদের কথা বিবেচনা করে


প্রশ্নপত্রে বহু বিকল্প প্রশ্নপত্র রাখা হয়েছে যা অতীতে কখনও হয়নি। তা সত্ত্বেও প্রয়োজনানুসারে মূল্যায়নের ক্ষেত্রে বিশেষ বিবেচনারও ব্যবস্থা করা হচ্ছে।

এই ক'দিনের পরীক্ষার মধ্যে বিভিন্ন জেলায় কয়েকজন পরীক্ষার্থী অসুস্থ হয়েছে, কয়েকজন পথ দুর্ঘটনায় পড়েছে কিন্তু আনন্দের বিষয় যে, তারা প্রত্যেকেই হাসপাতালে বা নার্সিংহোমে ভর্তি হয়ে পরীক্ষায় বসতে পেরেছে। এধরণের মোট পরীক্ষার্থীর সংখ্যা সারা রাজ্যে ১৬।

পরীক্ষা পরিচালনার কাজে যাঁরা প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে যুক্ত ছিলেন তাঁরা প্রত্যেকেই অত্যন্ত নিপুণভাবে দায়িত্ব পালন করেছেন। রাজ্য প্রশাসন, স্বরাষ্ট্র দপ্তর, পুলিশ-প্রশাসন, স্কুল শিক্ষা দপ্তর, জেলা প্রশাসন সহ রাজ্য সরকারের প্রতিটি দপ্তর অত্যন্ত সজাগ ও সতর্ক ছিলেন এবং সব রকম সহযোগিতা করেছেন। জেলা উপদেষ্টামন্ডলীর সকল সদস্য, সংসদ নমিনি, শিক্ষক-শিক্ষিকা, শিক্ষাকর্মী ও শিক্ষক সংগঠনের সদস্যবৃন্দ এবং সংসদের আধিকারিক ও কর্মীরা পরিশ্রম করেছেন এবং সকলের সার্বিক সহযোগিতার ফলে পরীক্ষা এতো নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে।

আমরা মাননীয় মুখ্যমন্ত্রী, মাননীয় শিক্ষামন্ত্রী, মাননীয় মুখ্যসচিব, শিক্ষা দপ্তরের মাননীয় প্রধান সচিবসহ রাজ্য ও জেলা প্রশাসনের সকল আধিকারিক, জেলা উপদেষ্টা কমিটির সকল সদস্য, শিক্ষক-শিক্ষিকা, ভ্যেনু সুপারভাইজার, সেন্টার-ইন-চার্জ, সেন্টার সেক্রেটারী, কনভেনর, জয়েন্ট কনভেনর, শিক্ষক সংগঠনসমূহ, অভিভাবক এবং ছাত্র-ছাত্রীসহ সংশ্লিষ্ট সকলকে সংসদের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি। রাজ্যের সকল সংবাদ মাধ্যমকেও প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য ধন্যবাদ জানাচ্ছি।

২৭ এপ্রিল, ২০২২

 28/04/2022

(ডঃ চিরঞ্জীব ভট্টাচার্য্য)

সভাপতি

পঃবঃ উঃমাঃ শিক্ষা সংসদ